গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন কার্যালয়
লক্ষ্মীপুর।
E-mail: laksmipur@cs.dghs.gov.bd

স্মারক নংঃ সিএসএল/ শা- ৩য় শ্রেনী নিয়োগ/২৫/৭৩৫৫ তারিখঃ২১/০৯/২০২৫ খ্রি.

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং ৪৫.০০.০০০০. ১৪০.২৫.০০১.২৩-১৭২ তারিখঃ ২৬/০১/২০২৫ খ্রিঃ মূলে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন বহাল রেখে নতুন করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের নির্দেশনা এবং স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০১০.২০২৪-১১৬ তারিখঃ ১৫/০১/২০২৪ খ্রিঃ মোতাবেক জনবল নিয়োগ এর ছাড়পত্র ও স্মারক নং ৪৫.০০.০০০০. ১৪০.১১.০০৩.২৩-২০৪ তারিখঃ ২৮/০১/২০২৫খ্রিঃ এবং স্মারক নং ৪৫.০০.০০০০.১৪০.১১. ০০৩.২৩-১৯৫৪ তারিখঃ ০১/০৭/২০২৫খ্রিঃ মোতাবেক ছাড়পত্র মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে সিভিল সার্জনের কার্যালয়, লক্ষ্মীপুর ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতের অন্তর্ভুক্ত ১১-২০ গ্রেড এর নিম্মে উল্লেখিত শুন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী লক্ষ্মীপুর জেলার স্থায়ী বাসিন্দা (বাংলাদেশের প্রকৃত নাগরিক) এর নিকট হতে নিম্নোক্ত শর্তাদি সাপেক্ষে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | পরিসংখ্যানবিদ | ০২ (দুই) | গ্রেড -১৪ (১০২০০-২৪৬৮০) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ২ | ষ্টোর কিপার | ০৫ (পাঁচ) | গ্রেড -১৬ (৯৩০০-২৩৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ (তিন) | গ্রেড -১৬ (৯৩০০-২৩৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং /ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ২০ শব্দ। |
| ৪ | স্বাস্থ্য সহকারী | ১১৬ (একশত ষোল) | গ্রেড -১৬ (৯৩০০-২৩৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | ড্রাইভার | ০১ (এক) | গ্রেড -১৬ (৯৩০০-২৩৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) হালকা যানবাহন চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ**

১। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

২। নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধনী জনপ্রশাসন মন্ত্রণালয় স্মারক নং ০৫.০০.০০০০. ১৭০.১১.০১৪. ২৪-১৪১ তারিখঃ ২৩/০৭/২০২৪ খ্রিঃএর বিধি বিধান অনুসরণ করা হবে।

৩। প্রার্থীকে জন্মসুত্রে বাংলাদেশের নাগরিক এবং লক্ষ্মীপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪। যদি কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৫। প্রার্থীর বয়স ৩০/০৯/২০২৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের জন্য আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা / অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৮। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং স্বা:অধি:/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখঃ ০৮/১০/ ২০১৮ খ্রি. মূলে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে পরিসংখ্যানবিদ এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য অনলাইনে আবেদন করেছেন, তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে তা গ্রহণযোগ্য হবে এবং তাদের বয়স পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার লক্ষ্যে তাদের মধ্য থেকে যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

৯। সরকারী / আধা সরকারী / স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধিবিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি জমা দিতে হবে।

১০। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanant Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১১। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন, এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে। ভুল ওয়ার্ডে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড/ইউনিয়ন/উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন কার্যালয়, লক্ষ্মীপুর এবং এর আওতাধীন সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েব সাইটে **(https://cslakshmipur.teletalk.com.bd)** পাওয়া যাবে।

১৩। পরিসংখ্যানবিদ, ষ্টোর কিপার এবং স্বাস্থ্য সহকারী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ড্রাইভার পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন।

১৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপ:

(ক) আগ্রহী প্রার্থীগণ https://cs.lakshmipur.gov.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

(খ) অনলাইনে আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **৩০/০৯/২০২৫খ্রিঃ** তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে।

(গ) অনলাইন আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় **২০/১০/২০২৫** খ্রিঃ বিকাল ৫ : ০০ ঘটিকা পর্যন্ত।

(ঘ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৫। অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

১৬। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৭। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনের একটি প্রিন্ট কপি (রঙিন )পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৮। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicat's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/- (একশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online - এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম SMS:

**CSLAKSHMIPUR<space> User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।**

**Example: CSLAKSHMIPUR ABCDEF & Send to ১৬২২২**

**Reply SMS: Applicant's name, Tk. ১১২ will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee type CSLAKSHMIPUR <space> YES <space> PIN and send to ১৬২২২**

**২য় SMS:**

**CSLAKSHMIPUR <space> YES <space> PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে**
**Example: CSLAKSHMIPUR YES XXXXXXXX & Send to ১৬২২২**
**Reply SMS: Congratulations Applicants Name, Payment completed successfully for CSLAKSHMIPUR Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)**

১৯। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **(https://cs.lakshmipur.gov.bd)** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

২০। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।

২১। **শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।**

**(ক) User ID জানা থাকলে:**
**CSLAKSHMIPUR<space>HELP<space>USER<space> User ID and send to ১৬২২২**
**Example: CSLAKSHMIPUR HELP USER ABCDEF and send to ১৬২২২**

**(খ) PIN Number জানা থাকলে:**
**CSLAKSHMIPUR<space>HELP<space>PIN<space>PIN Number and send to ১৬২২২**
**Example: CSLAKSHMIPUR HELP PIN ১২৩৪৫৬৭৮ and send to ১৬২২২**

২২। **Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল https://alljobsteletalk.com.bd এর ফেসবুক পেজ (https://www.facebook.com/alljobsbdteletalk) এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। Mail / মেসেজ এর subject-এ Organization Name: CSLAKSHMIPUR, Post Name, Applicant's User ID ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে।**

২৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ন হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

খ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ।

গ) প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিণ ছবি।

ঙ) **বীর মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিয়োদ্ধা/ শহীদ মুক্তিয়োদ্ধা/ বীরাঙ্গারার পুত্র কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রাণালয় কতৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/ প্রমাণক। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার সন্তান বীর মুক্তিয়োদ্ধা/ শহীদ মুক্তিয়োদ্ধা/ বীরাঙ্গারার পুত্র কন্যা হলে আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।**

চ)ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী (উপজাতী) কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কতৃক প্রদত্ত সনদ পত্র।

ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

জ) গাড়ি চালকদের ক্ষেত্রে যানবাহন চালনার হালনাগাদ বৈধ ডিজিটাল ড্রাইভিং লাইসেন্স।

ঝ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানে দক্ষতার প্রমাণ স্বরূপ সনদপত্র।

ঞ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

ট) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিণ প্রিন্ট কপি।

২৪। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৫। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। ডোপ টেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৭। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) সহ লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়, পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য সিভিল সার্জন কার্যালয়, লক্ষ্মীপুরের নোটিশ বোর্ড ও **https://cs.lakshmipur.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। এ ছাড়াও QR-Code স্ক্যান এর মাধ্যমে অথবা সরাসরি টেলিটকের জব পোর্টাল **https://alljobsteletalk.com.bd** ওয়েবসাইটে প্রবেশ করে বিজ্ঞপ্তি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৮। ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

*শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইন আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।*

AHSheen ২১.০৯.২৫

(ডাঃ মোহাম্মদ আবু হাসান শাহীন)
সিভিল সার্জন, লক্ষ্মীপুর
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি, লক্ষ্মীপুর।

স্মারক নংঃ সিএসএল/ শা- ৩য় শ্রেনী নিয়োগ/২৫/৭৩৫৫/২৩ তারিখঃ২১/০৯/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ : উপসচিব (প্রশাসন- ১ শাখা)।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৪। পরিচালক,এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ) ।
৭। পুলিশ সুপার, লক্ষ্মীপুর। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।
৮। উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, চট্টগ্রাম।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি ও শিক্ষা), লক্ষ্মীপুর।
১০। জেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লক্ষ্মীপুর।
১১। জেলা তথ্য কর্মকর্তা, লক্ষ্মীপুর। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।
১২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্সিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং #৩/এ,৫/এ,৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/রায়পুর/রামগঞ্জ/কমলনগর/রামগতি, লক্ষ্মীপুর।
১৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রায়পুর/রামগঞ্জ/কমলনগর/রামগতি, লক্ষ্মীপুর।
১৫। নোটিশ বোর্ড, সিভিল সার্জন কার্যালয়, লক্ষ্মীপুর।
১৬। দপ্তর নথি।

AHSheen ২১.০৯.২৫

সিভিল সার্জন, লক্ষ্মীপুর
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি, লক্ষ্মীপুর।